কালের কণ্ঠ

তারিখ 17 AUG 2017
পৃষ্ঠা ২ কলাম ৪

বঙ্গবন্ধুর শাহাদাতবার্ষিকী

# গোপালগঞ্জে প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে শোকযাত্রা

গোপালগঞ্জ প্রতিনিধি ▷

জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪২তম শাহাদাতবার্ষিকী ও জাতীয় শোক দিবস ২০১৭ উপলক্ষে গোপালগঞ্জে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে গতকাল বুধবার শোকযাত্রা অনুষ্ঠিত হয়েছে।

বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড. খোন্দকার নাসির উদ্দিনের নেতৃত্বে শোকযাত্রা প্রশাসনিক ভবনের সামনে থেকে শুরু হয়ে বিশ্ববিদ্যালয়ের ভেতরের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে।

শোকযাত্রায় ইঞ্জিনিয়ারিং অনুষদের ডিন ড. মো. শাহজাহান, মানবিক অনুষদের ডিন মোহাম্মদ আশিকুজ্জামান ভূঁইয়া, রেজিস্ট্রার অধ্যাপক ড. নূরউদ্দিন আহমেদ, প্রক্টর তছলিম আহমেদ, বিশ্ববিদ্যালয় প্রকৌশলী এস এম এস্কেন্দার আলী, আইন বিভাগের শিক্ষক আব্দুল কুদ্দুস মিয়াসহ বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থী ও কর্মকর্তা-কর্মচারীরা অংশ নেন।